



কম্পিউটার প্রতিদিন



ব্র্যাকাথনে অংশগ্রহণকারী একটি দল নিজেদের অ্যাপ তৈরিতে ব্যস্ত

ব্র্যাকে হলো টানা ৩৬ ঘণ্টা অ্যাপ তৈরির প্রতিযোগিতা

যক্ষ্মা নিয়ন্ত্রণে সামাজিক সচেতনতা বৃদ্ধি করার লক্ষ্য নিয়ে ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির পাঁচ শিক্ষার্থী মো. মাজহারুল হক, মো. সিফাত হক, লোকমান হোসেন, তৌকির আহমেদ ও রিয়াদুল ইসলাম তৈরি করছেন মোবাইল অ্যাপ্লিকেশন (অ্যাপ)। তাঁদের দল ফাস্ট ফাইভের অ্যাপ সচেতনতা যেমন তৈরি করবে, তেমনই রোগীর অবস্থানের ওপর ভিত্তি করে যক্ষ্মা নিরাময়ে সম্ভাব্য সমাধান দেবে।

গতকাল শনিবার রাজধানীর ব্র্যাক ইউনিভার্সিটিতে গিয়ে দেখা মেলে এ রকম আরও ২৬টি দলের। সামাজিক পরিবর্তনে প্রযুক্তিগত উদ্ভাবনকে মূলমন্ত্র ধরে তাঁরা অংশ নিয়েছেন 'ব্র্যাকাথন' নামের অ্যাপ তৈরির এ প্রতিযোগিতায়। শুক্রবার সকালে শুরু হওয়া এ প্রতিযোগিতা চলে টানা ৩৬ ঘণ্টা।

প্রথমবারের মতো আয়োজিত ব্র্যাকাথনে অংশ নিচ্ছে বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠানের ২৭টি দল। তাদের ঠিক করে দেওয়া হয় ১১টি বিষয়। সামাজিক সমাধান প্রধান বিষয় হলেও কিছু অ্যাপ ছিল ব্র্যাক-কেন্দ্রিক।

আজ রোববার সন্ধ্যায় ব্র্যাকাথনে বিজয়ীদের নাম ঘোষণা করা হবে। বিজয়ী দল নির্বাচনে অ্যাপের বিষয়, সমাজে সেটির প্রভাব, উদ্ভাবন, অ্যাপের কার্যকারিতা এবং বিচারকদের সামনে তা উপস্থাপনের ওপর গুরুত্ব দেবে বলে জানা যায়। বিজয়ী দলগুলো উপহার হিসেবে তাদের অ্যাপ তৈরির জন্য তিন হাজার মার্কিন ডলার পর্যন্ত আর্থিক সহায়তা পাবে। তাছাড়া ফেসবুক আয়োজিত মোবাইল-ভিত্তিক স্টার্টআপ প্রতিযোগিতা 'এফবি স্টার্ট'-এ অংশগ্রহণের সুযোগ পাবে তারা।

● মেহেদী হাসান